

১৫ আগস্ট থেকে চালু হচ্ছে উত্তরপাড়া পুরসভা
এলাকায়

পলিব্যাগ ব্যবহার করলে বিক্রেতার ৫০০ টাকা ও ক্রেতার ৫০ টাকা জরিমানা

বিএনএ, চুঁচুড়া: যথেষ্ট প্লাস্টিকের ব্যবহার রুখতে সচেতনতামূলক প্রচারের পাশাপাশি ক্রেতা ও বিক্রেতাদের জরিমানা করার সিদ্ধান্ত নিল উত্তরপাড়া পুরসভা। আগামী ১৫ আগস্ট থেকে জরিমানার বিষয়টি কার্যকর করার পরিকল্পনা নিয়েছে পুরসভা। পুরসভা সূত্রে জানা গিয়েছে, শহরবাসীকে সচেতন করতে চলতি মাসে লাগাতার প্রচার অভিযান চলবে। তারপরেও ৪০ মাইক্রনের কম পলিব্যাগ ব্যবহারকারীদের বিরুদ্ধে জরিমানা ধার্য করবে পুরসভা। এক্ষেত্রে যে ব্যবসায়ী ক্যারিব্যাগে জিনিস বিক্রি করছেন তাঁকে ৫০০ টাকা ও যিনি কিনছেন তাঁর ৫০ টাকা জরিমানা করা হবে।

পুরসভার চেয়ারম্যান দিলীপ যাদব বলেন, প্লাস্টিকের ব্যবহার কমানোর জন্য সচেতনতা বাড়াতে নতুন করে আমরা একগুচ্ছ পরিকল্পনা নিয়েছি। এরপরেও শহরের মানুষ সচেতন না হলে পুরসভার তরফে বিক্রেতা ও ক্রেতা উভয়কেই আমরা জরিমানা করব। আগামী স্বাধীনতা দিবস থেকে আমরা জরিমানার বিষয়টি কার্যকর করার পরিকল্পনা নিয়েছি। পাশাপাশি শহরের দূষণ কমাতে বিভিন্ন রাস্তায় ১০ হাজার টব ও গাছ লাগানোর পরিকল্পনা নিয়েছি।

প্রসঙ্গত, অত্যধিক প্লাস্টিকের ব্যবহার ও সেগুলি যেখানে সেখানে ফেলে দেওয়ায় দূষণের পাশাপাশি নিকাশি ব্যবস্থা স্বাভাবিক রাখতে গিয়েও সমস্যায় পড়তে হয় পুরসভাগুলিকে। তাই বছরখানেক আগেই প্লাস্টিকের ব্যবহার কমাতে শহরের বিভিন্ন বাজারে হানা দিয়ে ৪০

মাইক্রনের কম প্লাস্টিক বাজেয়াপ্ত করেছিল উত্তরপাড়া পুরসভা। দিন কয়েকের অভিযানে কিছুটা সাফল্যও এসেছিল। কিন্তু, তারপর ফের ক্যারিব্যাগ ব্যবহারের রমরমা শুরু হয়েছে। বর্তমানে প্রতিদিন বাড়ি থেকে সংগ্রহ করা বর্জ্যের মধ্যে প্রায় ১ টন প্লাস্টিক জমা হচ্ছে। যা পরিবেশ দূষণ ও প্রাকৃতিক ভারসাম্য রক্ষার জন্য বিপজ্জনক।

পুরসভা সূত্রে খবর, প্লাস্টিকের ব্যবহার নিয়ন্ত্রণে আনতে একটি টাস্ক ফোর্স গঠন করা হচ্ছে। শহরের মানুষের সচেতনতা বাড়াতে বাজার, স্কুল, কলেজ ও পাড়ায় পাড়ায় প্লাস্টিক ব্যবহারের কুফল নিয়ে প্রচার এবং পথসভা করবেন টাস্ক ফোর্সের দায়িত্বে থাকা কর্মীরা। পাশাপাশি প্রতিদিন বাড়ি থেকে যে সমস্ত কর্মী জঞ্জাল সংগ্রহ করেন, প্লাস্টিকে জঞ্জাল না দেওয়ার জন্য তাঁরা বাড়ি বাড়ি প্রচার করবেন। এছাড়াও শহরের প্রতিটি বাজারে প্লাস্টিকের ক্যারিব্যাগ ব্যবহার না করার জন্য প্রচার চালানো হবে। শুধু তাই নয়, প্রচারের সময়ে প্লাস্টিক বর্জনের আবেদন জানিয়ে পুরসভা ১০ হাজার চটের ব্যাগ শহরের বাসিন্দাদের মধ্যে বিলি করবে। একমাস ধরে প্রচারের পরেও ক্রেতা ও বিক্রেতারা সচেতন না হলে উভয়পক্ষকেই পুরসভা জরিমানা করবে।

ভদ্রকালীর বাসিন্দা প্রভাত সরকার বলেন, প্লাস্টিকের ব্যবহার দিনের পর দিন আমাদের বিপদের দিকে ঠেলে দিচ্ছে জেনেও ব্যবহার করে চলেছি। তাই মানুষকে সচেতন করার পর পুরসভা জরিমানা করার যে সিদ্ধান্ত নিয়েছে তা প্রশংসনীয়। জরিমানার ভয়ে যদি মানুষ নিজেদের অভ্যাসে পরিবর্তন আনে তাহলে হয়তো এই শহর প্লাস্টিকের দূষণের হাত থেকে রক্ষা পাবে।

25th July, 2018